দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# 'সেবামূলক পেশায় মনোযোগী হতে হবে'

## হলি ফ্যামিলিতে ওরিয়েন্টেশন

হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এমবিবিএস প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন সেশন কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ মনিরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে সোমবার অনুষ্ঠিত হয়। এতে শপথ পাঠ করান রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান অধ্যাপক ডাঃ এম এস আকবর এমপি। অধ্যাপক মোঃ মনিরুজ্জামান ভূঁইয়া বলেন, চিকিৎসা পেশা একটি মহৎ ও গুরুত্বপূর্ণ সেবামূলক পেশা। এ বিষয়ে ছাত্রছাত্রীদের করণীয় নিয়ে তিনি মূল্যবান নির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান অধ্যাপক ডাঃ এম এস আকবর এমপি। বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এ.এন. সামসুদ্দিন আজাদ চৌধুরী এবং বিএফইউজে সভাপতি ও বৈশাখী টেলিভিশনের প্রধান সম্পাদক মনজুরুল আহসান বুলবুল।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন হলি ফ্যামিলি হাসপাতালের পরিচালক অধ্যাপক ডাঃ মোঃ সিরাজুল ইসলাম, কলেজ উপাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ দৌলতুজ্জামান, অধ্যাপক ডাঃ তারিকুল আলম চৌধুরী, অধ্যাপক ডাঃ এম এ ওয়াহাব, অধ্যাপক ডাঃ খালেদা আক্তার, অধ্যাপক ডাঃ ওবায়দুল হক, ডাঃ হাফিজুল হক, ডাঃ নজরুল ইসলাম ও খাজা সাজেদ আনোয়ার। -প্রেস বিজ্ঞপ্তি